আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/3/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 4 জুলাইয়ের ছুটির সময় নিউ ইয়র্কের রাস্তায় স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের অতিরিক্ত টহল যোগ করার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা পুরো ছুটির সপ্তাহান্তে মাতাল এবং বেপরোয়া চালকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে

2023 সালের বলবৎকরণের সময় 35,000 এর বেশি টিকেট প্রদান করা হয়েছে

থ্রুওয়ে, পরিবহন বিভাগ রাস্তার কাজ স্থগিত করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে এবারের 4 জুলাইয়ের ছুটির সময় নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলি মাতাল এবং নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো এবং অন্যান্য ট্র্যাফিক লঙ্ঘনের বিরুদ্ধে অভিযান করতে টহল বৃদ্ধি করবে। গ্রীষ্মকালের ব্যস্ততম ভ্রমণ সপ্তাহ হিসেবে বিবেচিত এই সময়ে নিউ ইয়র্কের হাইওয়েকে নিরাপদ রাখতে স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারীরা সংযত দশা চেকপয়েন্ট বসাবে এবং বেপরোয়া ও আগ্রাসীভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।

"এই ছুটির সপ্তাহান্তে স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহ আরেকবার নিউ ইয়র্কের রাস্তায় থাকবে এবং চালক ও যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করবে," **গভর্নর হোকল বলেন।** "ছুটির এই সপ্তাহান্তে নিউ ইয়র্কবাসীরা আনন্দ করুন আমরা সেটি চাই, কিন্তু তারা এটি দায়িত্বশীল করবে আমরা এটিও চাই। যে চালকের বেপরোয়া কাজের জন্য অন্যদের জীবন ঝুঁকিগ্রস্ত হয় তাদেরকে আমরা কোনো ছাড় দিবো না।"

গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor’s Traffic Safety Committee, GTSC) অর্থায়িত এই ক্যাম্পেইনটি শুরু হবে 3 জুলাই, বুধবার, বিকাল 6:00টায় এবং 7 জুলাই, 2024, রবিবার মধ্যরাত পর্যন্ত এটি চলবে।

এই ব্যস্ত ছুটির সপ্তাহান্তে যাতায়াত সহজ করতে সাহায্য করার জন্য, নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েতে রাস্তা ও ব্রিজের নির্মাণ প্রকল্পের জন্য অস্থায়ীভাবে লেন বন্ধ রাখাকে 4 জুলাই সকাল 6টা থেকে শুরু করে 8 জুলাই সোমবার সকাল 6টা পর্যন্ত স্থগিত রাখা হবে। নির্দিষ্ট কিছু থ্রুওয়ে প্রকল্পে নির্মাণ সংক্রান্ত লেন বন্ধ রাখা 3 জুলাই, বুধবার, সকাল 6টা থেকে স্থগিত করা হবে।

মোটরচালকদের খেয়াল রাখা উচিত যে স্থায়ী কংক্রিট প্রতিবন্ধকতার পেছনে বা জরুরি মেরামতের জন্য কিছু কাজ অব্যাহত থাকতে পারে। নির্মাণকাজ স্থগিত রাখা নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের (Drivers First Initiative) সাথে সামঞ্জস্যপূর্ণ, এতে ট্র্যাফিক জ্যাম এবং রাস্তা ও ব্রিজের কাজের কারণে ভ্রমণের বিলম্ব সর্বনিম্ন করতে মোটরচালকদের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "আমাদের রাস্তাকে নিরাপদ রাখার জন্য এবং মাতাল ও বেপরোয়া চালকদের আটকানোর জন্য আমাদের সদস্যরা সারা বছর অধ্যবসায়ের সাথে কাজ করে এবং ছুটির সময় যখন উদযাপনে অ্যালকোহল যোগ করতে পারে তখন তারা আরো বেশি কাজ করে। সকলেই তাদের স্বাধীনতা দিবস উপভোগ করুক আমরা তাই চাই, তবে মদ্যপান করলে একজন সংযত চালককে পূর্বে স্থির করে রাখার মাধ্যমে দায়িত্বশীলভাবে এই উদযাপন করার জন্য আমরা আহ্বান করছি। মাতাল এবং বেপরোয়া চালকের কারণে যেই অর্থহীন মর্মান্তিক ঘটনা ঘটে থাকে তা প্রতিরোধ করার জন্য আমরা একত্রে কাজ করতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির প্রধান মার্ক জে.এফ. শ্রোডার বলেন, "এটি এমন একটি সপ্তাহান্ত যখন আমাদের অনেকেই পরিবার ও বন্ধুদের সাথে উদযাপন করার জন্য একত্রিত হয়। মদ্যপ বা অন্যমনস্ক অবস্থায় গাড়ি চালিয়ে একটি মর্মান্তিক ভুল করা কারো জন্য সেই মজা ও আনন্দ বিঘ্নিত হওয়া উচিত না। নিরাপদে আপনার গন্তব্যে পৌঁছানোর জন্য একটি পরিকল্পনা করে রাখুন এবং নিজেকে ও প্রিয়জনদেরকে মানসিক স্বস্তি প্রদান করুন।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "ভ্রমণ বিলম্ব সহজেই আপনার ছুটিকে নষ্ট করে দিতে পারে এবং সেজন্য 4 জুলাইয়ের ছুটির সময় নির্মাণ কর্মকাণ্ড এবং অস্থায়ী লেন বন্ধ করাকে স্থগিত রাখার ব্যাপারে গভর্নর হোকলের সিদ্ধান্তকে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ সম্পূর্ণ সমর্থন করছে। ভ্রমণকারী জনগণের নিরাপত্তা ও সুবিধা সর্বদাই NYSDOT এর অগ্রাধিকার এবং এই ছুটির সময়ে নিউ ইয়র্কবাসীরা যাতে যেখানে যাওয়া প্রয়োজন সেখানে নিরাপদে এবং ঝামেলামুক্তভাবে যেতে পারে তা নিশ্চিত করতে আমরা সম্ভাব্য সবকিছু করছি। নিরাপদে গাড়ি চালানো, যেকোনো ধরনের অন্যমনস্ক অবস্থায় গাড়ি না চালানো এবং রাস্তার পাশের জরুরি এবং রক্ষণাবেক্ষণ যানবাহনের জন্য সরে যেতে আমি সকলকে তাগিদ প্রদান করছি। আসুন সকলে একটি দারুণ ও নিরাপদ স্বাধীনতা দিবস পালন করি।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি. হোয়ার এস্কয়ার বলেন, "4 জুলাইয়ের ছুটির সময় নির্মাণ কর্মকাণ্ড স্থগিত রাখা হলে তা এই ব্যস্ত ভ্রমণ সপ্তাহে চালকদের সম্ভাব্য বিলম্ব হ্রাস করতে সাহায্য করবে। ভ্রমণের সময় নিরাপত্তাকে তাদের শীর্ষ অগ্রাধিকার করার জন্য আমরা মোটরচালকদের তাগিদ প্রদান করছি। তাদের জীবন, এবং সেই সাথে অন্য মোটরচালক, জরুরি কর্মী এবং আমাদের কর্মচারীদের

নিরাপত্তা এর উপর নির্ভর করে। থ্রুওয়েতে টহল দেওয়ার জন্য এবং মোটরচালকদের নিরাপদ রাখার জন্য নিউ ইয়র্ক স্টেট পুলিশের ট্রুপ T এর অংশীদারদেরকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। সকলের জন্য আমরা একটি নিরাপদ ও শুভ ফোর্থ অফ জুলাই কামনা করছি।"

গত বছর, আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 4 জুলাইয়ের বলবৎকরণ সময়কালে পুরো স্টেটে 35,104টি টিকেট জারি করেছে, যার মধ্যে অ্যালকোহল বা মাদক দ্বারা মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য 1,200 এর বেশি টিকেট, অন্যমনস্ক হয়ে গাড়ি চালানোর জন্য 1,000 এর বেশি টিকেট এবং গতিসীমা লঙ্ঘন করার জন্য 7,000 এর বেশি টিকেট রয়েছে। সেই সময়ে, শুধু স্টেট পুলিশ মোট 12,991 টিকেট প্রদান করেছে, মাতাল অবস্থায় গাড়ি চালানোর (driving while intoxicated, DWI) জন্য 193 জনকে গ্রেফতার করেছে এবং 949টি সংঘর্ষের ঘটনা তদন্ত করেছে যার মধ্যে পাঁচটি প্রাণহানি রয়েছে।

মোটরচালকদের স্টেটের মুভ ওভার আইন (Move Over Law) মেনে চলতে হবে, রাস্তার পাশে থেমে থাকা সকল যানবাহনের জন্য গতি ধীর করা ও সরে যাওয়া আবশ্যিক করতে মার্চ মাসে এটিকে সম্প্রসারিত করা হয়েছে।

স্টেট হাইওয়ে সংলগ্ন পার্ক-ও-রাইড ফ্যাসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিসের জায়গা ও পার্কিংয়ের জায়গা সহ টেক্সট স্টপগুলো গাড়ি চালানোর সময় মনোযোগে বিঘ্ন ঘটা কমিয়ে আনার জন্য স্টেটের প্রচেষ্টায় সহায়তা করে। সব টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকরা কল করা, টেক্সট পাঠানো, নেভিগেট করা ও মোবাইল অ্যাপ অ্যাক্সেস করার জন্য নিরাপদে ও সুবিধাজনক উপায়ে তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবেন। গাড়ি চালানোর সময় টেক্সট করা বিশেষ করে বিপজ্জনক, কারণ এতে মোটরচালকদের তাদের চোখ রাস্তা থেকে সরাতে হয়, স্টিয়ারিং থেকে হাত সরাতে হয় এবং গাড়ি চালানো থেকে মন সরাতে হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ মোটরচালকদের মনে করিয়ে দিচ্ছে যে 18টি সেবা এলাকা খোলা থাকলেও আটটি বন্ধ এবং 450 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্গঠন প্রকল্পের অংশ হিসেবে নির্মাণাধীন থাকবে। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে। গাড়ি চালকরা থ্রুওয়ে অথরিটির ওয়েবসাইট ও বিনামূল্যের মোবাইল অ্যাপ থেকে পরিষেবা এলাকাগুলো দেখতে পারবেন এবং সে অনুযায়ী তাদের থামার জায়গার ব্যাপারে পরিকল্পনা করতে পারবেন।

এই বলবৎকরণের সময়, চালকদের সংযত অবস্থার চেকপয়েন্ট এবং বর্ধিত DWI টহলের সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত থাকা উচিত। আইন প্রয়োগকারীরা এমন গাড়ির চালকদের সন্ধান করবেন যারা চালকের আসনে বসে থাকাকালীন তাদের ফোন এবং অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করছেন। এছাড়াও চালকদের মনে রাখতে হবে যে নিউ ইয়র্কের রাস্তায় যাত্রা করার সময় রাস্তার পাশে জরুরি বা দুর্যোগ যানবাহনকে থেকে থাকতে দেখলে তাদের "মুভ ওভার" করতে হবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এই কর্মকাণ্ডের অংশ হিসেবে চিহ্নিত যানবাহন এবং পরিচয় গোপন করা ট্র্যাফিক বলবৎকরণ (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয় ব্যবহার করবে। CITE যানগুলি আরো সহজে মোটরচালকদের সনাক্ত করতে সাহায্য করবে

যারা গাড়ি চালানোর সময় হাতে ধরা ডিভাইস ব্যবহার করবেন। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

GTSC এবং নিউ ইয়র্ক স্টেট মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য বিশেষ ট্র্যাফিক বিকল্প কর্মসূচি (Special Traffic Options Program for Driving While Intoxicated, STOP-DWI) ফাউন্ডেশন মোটরচালকদের মনে করিয়ে দিচ্ছে যে তাদের "হ্যাভ এ প্ল্যান" মোবাইল অ্যাপটি অ্যাপল, এন্ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য উপলভ্য রয়েছে। অ্যাপটি নিউ ইয়র্কারদের একটি ট্যাক্সি বা রাইড শেয়ার পরিষেবা খুঁজে বার করতে এবং কল করতে এবং একটি মনোনীত ড্রাইভার তালিকা প্রোগ্রাম করতে সক্ষম করে। এছাড়াও এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে এবং একটি সন্দেহভাজন দুর্ঘটনাপ্রবণ চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

আপনি যদি মাতাল বা নেশাগ্রস্ত হয়ে গাড়ি চালান, তাহলে আপনি শুধু আপনার ও অন্যদের জীবন ঝুঁকিগ্রস্ত করছেন না, বরং এছাড়াও আপনি গ্রেফতার হতে পারেন, কারাগারে যেতে পারেন, এবং উল্লেখযোগ্য জরিমানা ও অ্যাটর্নি ফিসের সম্মুখীন হতে পারেন। গড় মদ্যপান করে গাড়ি চালানোর কারণে গ্রেফতারের জন্য 10,000 ডলার পর্যন্ত খরচ হয়।

গ্রেফতার হওয়া মদ্যপ বা নেশাগ্রস্ত চালকেরা তাদের ড্রাইভার্স লাইসেন্স হারানো, উচ্চতর বীমার হার, এবং অ্যাটর্নি ফি, জরিমানা এবং আদালতের ব্যয়, গাড়ি টো ও মেরামত, এবং কাজের সময় হারানোর ফলে কয়েক ডজন অপ্রত্যাশিত খরচের সম্মুখীন হয়।

নিউইয়র্ক রাজ্য পুলিশ, GTSC এবং NHTSA নেশাগ্রস্থ অবস্থায় গাড়ি চালানো রোধ করার জন্য এই সাধারণ পরামর্শগুলির দেয়:

- আনন্দ শুরু করার **পূর্বে** নিরাপদে বাড়ি পৌঁছানোর একটি উপায় পরিকল্পনা করে রাখুন।
- মদ্যপানের আগে, একজন সুস্থ চালককে মনোনীত করুন।
- আপনি যদি মাতাল হন, একটি ট্যাক্সি ব্যবহার করুন, একজন সংযত বন্ধু বা পরিবারের সদস্যকে ফোন করুন, বা গণপরিবহন ব্যবহার করুন।
- আপনার সম্প্রদায়ের সংযত যাত্রা কর্মসূচি ব্যবহার করুন।
- আপনি যদি সন্দেহ করেন যে রাস্তায় একজন চালক মাতাল বা মদ্যপ, তাহলে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।
- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি নেশাগ্রস্থ অবস্থায় গাড়ি চলতে যাচ্ছেন তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং তাদের সাহায্য করুন তারা যেখানে যেতে চান সেখানে নিরাপদে যাবার জন্য অন্য ব্যবস্থা করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন